



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৭৭০

তারিখ : ০৭-০৯-২০২৩ খ্রি.

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৭-০৮-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি- (২২১৩২)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন “রাধানগর মাধ্যমিক বিদ্যালয়” এর চলমান নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে বিধিবহির্ভূতভাবে দাতা সদস্য ও বিদ্যুৎসাহী সদস্য অন্তর্ভুক্তিকরণের বিষয়ে জনাব মোঃ লুৎফর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছায়া কপি সংযুক্ত;

০৭-০৯-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৭৭০(৬)

তারিখ : ০৭-০৯-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।
- ৩। সভাপতি, রাধানগর মাধ্যমিক বিদ্যালয়, রাধানগর, শ্রীপুর, মাগুরা।
- ৪। প্রধান শিক্ষক, রাধানগর মাধ্যমিক বিদ্যালয়, রাধানগর, শ্রীপুর, মাগুরা।
- ৫। জনাব মোঃ লুৎফর রহমান, অভিযোগকারী।
- ৬। অফিস নথি।

০৭-০৯-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: বিদ্যালয়ে চলমান ম্যানেজিং কমিটি গঠনে বিধি বহির্ভূত উপায়ে দাতা সদস্য ও বিদ্যোৎসাহী সদস্য অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মো: লুৎফর রহমান, পিতা: মৃত মো: একব্বার মোল্যা, মাতা: আমেনা বেগম, গ্রাম: কাদিরপাড়া, ডাকঘর: রাধানগর গ্রাম, উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা। আমি আপনার যশোর শিক্ষা বোর্ডের অধীনে রাধানগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন ম্যানেজিং কমিটির একজন অভিভাবক সদস্য। অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: নওয়াব আলী ম্যানেজিং কমিটি অনুমোদনের লক্ষ্যে আপনার সমীপে ১২-০৯-২০২২ তারিখে (আইডি নং-১৮১১৪) আবেদন করেন। উক্ত কমিটি ১৮-০৯-২০২২ তারিখ যার স্মারক নং বিঅ-৬/৭০৮৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২১৮১ তে অনুমোদন হয়েছে। আপনার অনুমোদনকৃত পত্রটিতে দাতা সদস্য নেই (শূন্য) বলে উল্লেখ করেছেন। পরবর্তীতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: নওয়াব আলী সভাপতি সাহেবের যোগসাজসে নিজ ক্ষমতায় অভিভাবক পদে নির্বাচনে অকৃতকার্য ব্যক্তি জনাব মো: নজরুল ইসলাম সাহেবকে বিধি বহির্ভূত ভাবে দাতা সদস্য হিসেবে নির্বাচন করে কমিটির কার্যক্রম পরিচালনা করে আসছেন। বিষয়টি অত্যন্ত দুঃখজনক। এছাড়া ম্যানেজিং কমিটির আরেক সদস্য যিনি বিদ্যোৎসাহী হিসেবে সদস্যপদে পদাধিত হয়েছেন তিনিও বিধি বহির্ভূত ভাবে নির্বাচিত হয়ে আছেন। উল্লেখ্য ০৯-১০-২০২২ ইং তারিখে কমিটির প্রথম মিটিংয়ে উক্ত সদস্যের অন্তর্ভুক্তি করে পরবর্তীতে নির্ধারিত সময়ের পরে নিয়ম বহির্ভূত ভাবে প্রধান শিক্ষকের পছন্দমত ব্যক্তি জনাব মো: বাবুল হোসেন কে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্বাচন করেন এবং প্রথম মিটিংয়ের প্রায় বিশ(২০) দিন পরে অর্থাৎ ০৯-১০-২০২২ ইং তারিখে প্রথম মিটিং হওয়ার পর ২৯-১০-২০২২ ইং তারিখে বিদ্যোৎসাহী সদস্য জনাব মো: বাবুল হোসেনর নামসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে ১৮৯১০ নং আইডি তে শিক্ষা বোর্ডে অনলাইনে আবেদন প্রেরণ করেন যা সম্পূর্ণ বিধি বহির্ভূত।

এমতবস্থায়, জনাবের নিকট আমার আকুল আবেদন উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে মর্জি হয়।

তারিখ: ১৬-০৮-২০২৩ ইং

বিনীত

মো: লুৎফর রহমান

মো: লুৎফর রহমান (প্রাক্তন অভিভাবক সদস্য)

গ্রাম: কাদিরপাড়া, ডাকঘর: রাধানগর গ্রাম,

উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা।

মোবাইল নং: ০১৭১৪-৪৪২৪৬০